গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
www.dowarabazar.sunamganj.gov.bd

১৯ পৌষ, ১৪২৯

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.১২.০০২.২১.১৭ তারিখ: -------------------

০৪ জানুয়ারি, ২০২৩

## অফিস আদেশ

বাংলাদেশ গেজেট নং ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.১৮ এর প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক উপজেলা পর্যায়ে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে নিম্নোক্তভাবে উপজেলা "ইনোভেশন টিম" গঠন করা হলো।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | মনোনীত পদ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ | ইনোভেশন অফিসার |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি), দোয়ারাবাজার, সুনামগঞ্জ | সদস্য |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার, সুনামগঞ্জ | সদস্য |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দোয়ারাবাজার, সুনামগঞ্জ | সদস্য |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ | সদস্য |
| ০৬ | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ | সদস্য |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ | সদস্য |

ইনোভেশন টিমের কার্যপরিধি:

১। স্ব স্ব কার্যালয়ের সেবাপ্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;

২। এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন ও বাস্তবায়ন;

৩। প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন

৪। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন এবং

৫। প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা।

০৪/০১/২০২৩

(ফারজানা প্রিয়াংকা)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
☎ ০৮৭২৬-৫৬০০৩
ই-মেইল:unodoarabazar@mopa.gov.bd